



Bangladesh Submarine Cable Company Limited (BSCCL)

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)
(A Public Limited Company under Posts and Telecommunications Division of MoPT&IT)



ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন, কুয়াকাটা

আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)-এর পক্ষে পটুয়াখালী জেলা জজ আদালত, সিএমএম আদালত ও আর্বিট্রেশন ট্রাইব্যুনালে মামলা পরিচালনা এবং কোম্পানির স্বার্থ সংরক্ষণার্থে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণের জন্য নিম্ন বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানী ও অন্যান্য শর্তে আইন পেশায় নিয়োজিত আগ্রহী আইনজীবীগণের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রযোজ্য প্রমানকসহ দরখাস্ত আহবান করা যাচ্ছে। আইনজীবী হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে দাখিলকৃত দরখাস্ত রেজিস্টার্ড ডাকযোগে অথবা অফিস চালাকালীন সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন, কুয়াকাটা, পটুয়াখালীতে সরাসরি উপস্থিত হয়ে আগামী ০৩-১১-২০২২ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। যোগ্য প্রার্থী প্রাপ্তিসাপেক্ষে ০১ (এক) জনকে শর্তসাপেক্ষে ০২ (দুই) বছরের জন্য নিয়োগ প্রদান করা হবে।

০১। শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম সম্মানসহ স্নাতক ও এলএলএম/বার-এ্যাট-ল ডিগ্রীধারী হতে হবে।

০২। বয়স : ৩০-০৯-২০২২ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৩৫ বছর ও সর্বোচ্চ ৫৫ বছরের মধ্যে হতে হবে।

০৩। অভিজ্ঞতা :

(ক) প্রার্থীকে অবশ্যই পটুয়াখালী জেলা আইনজীবী সমিতির সদস্য হতে হবে।


(খ) বাংলাদেশের বিভিন্ন এখতিয়ার সম্পন্ন আদালতে আইনজীবী হিসেবে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে সেবা প্রদানের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৪। সম্মানী: কোম্পানির আইন সেবার জন্য নির্ধারিত দর অনুযায়ী। উল্লেখ্য যে, উক্ত নিয়োগের জন্য রিটেইনার ফি প্রযোজ্য হবে না।

০৫। চুক্তির মেয়াদ: ০২ (দুই) বছর (তবে প্রয়োজনে উভয় পক্ষের সম্মতিতে নবায়নযোগ্য)।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/প্রত্যাশিত প্রমাণক সংযুক্তি করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। বিএসসিসিএল কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।



(প্রকৌশলী মোঃ তারিকুল ইসলাম, পিইঞ্জ)

উপ-মহাব্যবস্থাপক (চা: ও র:, কুয়াকাটা ল্যান্ডিং স্টেশন)

সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন

কুয়াকাটা, পটুয়াখালী।